জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
খুলনা বিভাগ, খুলনা।
ফোন-(০৪১)৭৬১৫২২

স্মারক নং-জাগৃক/খুবি/১/৭৯/২৩ তাং১২/০১/২০১৬খ্রীঃ

" লেক/পুকুর ইজারা বিজ্ঞপ্তি"

এতদ্বারা প্রকৃত মৎস্য ব্যবসায়ী /আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ঢাকার স্মারক নং জাগৃক/সদস্য/৬/৫৪/(১ম খণ্ড)/৫০৭তাং ০৯/০৯/২০১৫এবং জাগৃক/সদস্য/৬/৫৪/(১ম খণ্ড)/৭০৩ তাং ০১/১২/২০১৫ ইং অনুযায়ী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আওতাধীন বয়রা হাউজিং এস্টেট "সি"ব্লকে অবস্থিত একটি লেক/পুকুর (আয়তন ৩,৩৪,১১২.৫০ বর্গফুট) ১(এক) বৎসর মেয়াদে ইজারার লক্ষ্যে নির্ধারিত ফরমে সীল মোহরকৃত নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম ৫০০/-(পাঁচ শত টাকা (অফেরত যোগ্য) নগদ মূল্যে নিম্ন স্বাক্ষরকারীর অফিস, উপ-বিভাগীয় প্রকৌশলী,জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ যশোর/বরিশাল, নির্বাহী প্রকৌশলী(ই,এম), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ,সেগুনবাগিচা,ঢাকা / নির্বাহী প্রকৌশলী, রাজশাহী বিভাগ, রাজশাহী, হতে অফিস চলাকালীন সময়ে আগামী ০৮-০২-২০১৬ ইং তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে এবং আগামী ০৯-০২-২০১৬ ইং তারিখে দুপুর-১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী ও বিভাগীয় কমিশনার,খুলনা এবং নির্বাহী প্রকৌশলী,গণপূর্ত বিভাগ-১,খুলনা এর দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। দরপত্র আগামী ০৯/০২/২০১৬ ইং তারিখ দুপুর ১.০০ ঘটিকার সময় নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খুলনা এর দপ্তরে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকে)খোলা হবে। বিস্তারিত তথ্যের জন্য নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যেতে পারে।

ক্রমিক নং	কাজের নাম	লেকের অবস্থান	জামানতের পরিমান
০১	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ খুলনা বিভাগের আওতাধীন বয়রা হাউজিং এস্টেট "সি" ব্লকে অবস্থিত লেক/পুকুর ইজারার কাজ।	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের খুলনাস্থ বয়রা হাউজিং এস্টেট "সি" ব্লকে অবস্থিত ।	উদ্ধৃত দরের ২৫%(শতকরা পঁচিশ ভাগ)টাকা যে কোন সিডিউল ব্যাংক হতে বিডি/ডিডি/পে-অর্ডার নির্বাহী প্রকৌশলী,খুলনা এর অনুকূলে সীল মোহরকৃত নিলাম দরপত্রের সহিত দাখিল করতে হবে।

শর্তাবলীঃ

১। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, খুলনা বিভাগের আওতাধীন,বয়রা হাউজিং এস্টেটের "সি"ব্লকে অবস্থিত ৩,৩৪,১১২.৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট মৎস্য চাষের উপযোগী একটি লেক ১(এক)বৎসর মেয়াদে আগ্রহী মৎস্য চাষী /আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফর্মে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

২। নিলাম দরপত্রের সাথে নির্বাহী প্রকৌশলী,জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ,খুলনা বিভাগ,খুলনার অনুকূলে নিলাম দরপত্রে উদ্ধৃত দরের ২৫%(শতকরা পঁচিশ ভাগ)টাকা যে কোন সিডিউল ব্যাংক হতে বিডি/ডিডি/পে-অর্ডার আকারে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে আপ টু ডেট আয়কর সনদ ও আপ টু ডেট ভ্যাট এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

৪। নিলাম দরপত্রের সহিত দরপত্র ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

৫। সর্বোচ্চ দরদাতার লেক দর [illegible] কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর দরপত্রের সম্পূর্ণ মূল্য পরিশোধ করতে হবে। জামানতের টাকা উক্ত টাকার সাথে সমন্বয় করা হবে।

৬। কোটেশন দাতা প্রয়োজনে উপ-বিভাগীয় প্রকৌশলী,খুলনা এর সহিত যোগাযোগ পূর্বক লেকটি দেখিয়া লইতে পারিবেন।

৭। কোটেশন দরপত্রে দাখিলকৃত মূল্যের উপর ৫% আয়কর এবং ১৫% ভ্যাট জমা দিতে হবে এবং সমুদয় মূল্য পরিশোধপূর্বক ইজারা চুক্তি সম্পাদন করা হবে।

৮। দখল প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর উপ-বিভাগীয় প্রকৌশলী,খুলনা কর্তৃক দখল বুঝাইয়া দেওয়ার দিন হইতে ১(এক)বৎসর ইজারা মেয়াদ গণনা করা হইবে।

৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

12-1-16

(মো: [illegible] হক [illegible])
নির্বাহী প্রকৌশলী,
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
খুলনা ডিভিশন,খুলনা।

Download from www.nha.gov.bd Date: 17/01/2018